

২৪ মাঘ ১৪৩০

২৫ জানুয়ারি ২০২৪

২৩.০২.১৫২৮.৫০১.৫৩.০০৬.২৪. ৩৬৭

দরপত্র আহবানকাজের বর্ণনা ও শর্তাবলী

১। বিএন ডকইয়ার্ড প্রেসার ভেসেল টেস্টিং এন্ড রিচার্জিং স্টেশন এর তত্ত্বাবধানে বানৌজা বন্ধবন্ধু এর নিম্নে বর্ণিত কাজের জন্য যোগ্য ও উপযুক্ত মেরামতকারী প্রতিষ্ঠান সমূহের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

**Work Description.** Hydrostatic pressure test of 04 in nos starting air reservoir (bottle) are needed to be completed.

**Work to be done.** 04 in nos starting air reservoir (bottle) hydrostatic pressure test to be carried out on board and certificate to be provided as necessary.

Detail of Starting Air Reservoir (Bottle).

i)	Length	:	60 Inch
ii)	Dia	:	30 Inch
iii)	Working Pressure	:	30 Bar
iv)	Safety Relief Valve Pressure	:	32 Bar
v)	Testing Pressure	:	45 Bar
vi)	Capacity	:	500 Ltr
vii)	Weight	:	110 Kg (Each)

২। **Repair/ Renew কাজ সংক্রান্ত বিবরণ।** উক্ত কাজে কোন মালামাল সরবরাহের প্রয়োজন হলে উহার প্রকৃত উৎস উল্লেখ করতে হবে। স্থানীয়ভাবে মেরামতের ক্ষেত্রে স্থানীয় দক্ষতা ও অভিজ্ঞতা সম্পর্কে বিস্তারিত বিবরণ দিতে হবে। প্রয়োজনে বড় কোন অভিজ্ঞ ও নামকরা ব্যক্তি/ প্রতিষ্ঠানের সাহায্য নেওয়া প্রয়োজন হলে তাও উল্লেখ করতে হবে। এছাড়াও প্রস্তাবিত দরপত্রের সাথে বর্ণিত কাজের অভিজ্ঞতার Authorization Certificate প্রদান করতে হবে।

৩। **যন্ত্রপাতি/ যন্ত্রাংশ/ আইটেম সরেজমিনে পর্যবেক্ষণ।** উক্ত কাজের প্রকৃত অবস্থা নির্ণয়ের জন্য দরদাতাগণ সংশ্লিষ্ট আইটেম সরেজমিনে পর্যবেক্ষণ করে দরপত্র দাখিল করবেন। অতিরিক্ত কোন যন্ত্রাংশের প্রয়োজন হলে নিজ খরচে তা প্রদান করে উক্ত কাজ সম্পাদন করতে হবে।

৪। **মেরামত সংক্রান্ত নির্দেশাবলী।** উক্ত কাজটি নৌবাহিনীর চাহিদা/ বিনির্দেশ মোতাবেক হতে হবে। উক্ত কাজে আসল, নতুন এবং উপযুক্ত যন্ত্রাংশ ব্যবহার করতে হবে।

৫। **তত্ত্বাবধায়ক শপ/ ঘাঁটি/ জাহাজ।** উক্ত কাজ বিএন ডকইয়ার্ড প্রেসার ভেসেল টেস্টিং এন্ড রিচার্জিং স্টেশন এবং সংশ্লিষ্ট জাহাজ/ঘাঁটি এর সার্বিক তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে।

৬। **জনবলের শৃঙ্খলা ও নিরাপত্তা।** উক্ত কাজ সম্পাদনের সময় নিজস্ব সকল জনবলের শৃঙ্খলা ও নিরাপত্তা মেরামতকারী প্রতিষ্ঠান নিশ্চিত করবে।

৭। **কার্য সম্পন্নের সময়সীমা।** কার্যাদেশ গ্রহণের ২০ দিনের মধ্যে উক্ত কাজ সম্পাদন করতে হবে (বানৌজা বন্ধবন্ধু কার্যযাচন নং ১৩২৪০০০১০ তারিখ ১০ জানুয়ারি ২০২৪)।

৮। **ওয়্যারেন্টি।** দরদাতাকে মেরামত কাজ শেষে সংশ্লিষ্ট জাহাজ/ ঘাঁটি কর্তৃক গ্রহণযোগ্যতা/ Acceptance প্রদানের পর হতে ০১ বছর ওয়্যারেন্টি প্রদান করতে হবে। ওয়্যারেন্টিকালীন দরপত্রে উল্লিখিত কাজের কোন ত্রুটি দেখা দিলে দরদাতা প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশসহ নিজ খরচে মেরামত করতে হবে।

৯। **বিলম্ব জরিমানা।** বর্ণিত কাজ নির্দিষ্ট সময়ে সম্পন্ন করতে না পারলে প্রতি মাসে ১%-২% হারে বিলম্বিত সময়ের জন্য কার্যাদেশের মোট মূল্যের সর্বোচ্চ ১০% Liquidated Damage (LD) হিসেবে কর্তৃপক্ষ কর্তন করতে পারবে।

১০। **গ্রহণযোগ্য সনদপত্র ও বিল প্রদান।** কাজ সমাপ্তির পর গ্রহণযোগ্য সনদপত্র এবং বিধি মোতাবেক অন্যান্য সকল নথিপত্রসহ যথাযথ বিল (চার সেট) সিএসডি বরাবরে পেশ করা হলে সিএসডি/ এএফসি (নৌ) চট্টগ্রাম কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।

- ১১। বিএন ডকইয়ার্ড গার্ডরুমে রক্ষিত টেন্ডার বক্সে আগামী ০৬ ফেব্রুয়ারি ২০২৪, ১২০০ ঘটিকার পূর্বে দরপত্র জমা দিতে হবে।
- ১২। আগামী ০৬ ফেব্রুয়ারি ২০২৪, ১২৩০ ঘটিকায় টেন্ডার বাক্স খোলা হবে।
- ১৩। দরপত্র কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড, নিউমুরিং, চট্টগ্রাম এর বরাবর দাখিল করতে হবে।
- ১৪। দরদাতা কর্তৃক প্রস্তাবিত দরমূল্যের মধ্যে ভ্যাট, ট্যাক্স অন্তর্ভুক্ত করে দরপত্র দাখিল করবে।
- ১৫। দরপত্র টেন্ডার বক্সে ফেলার পূর্বে অবশ্যই খাম এবং গাম দ্বারা বন্ধ পূর্বক নিজস্ব প্রতিষ্ঠানের সীল মোহর যুক্ত হতে হবে। অন্যথায় তা বাতিল বলে গণ্য হবে।
- ১৬। দরপত্র দাখিল করে দরপত্র খোলার পর বাতিল বা প্রত্যাহারের আবেদন করা হলে তা গ্রহণযোগ্য হবে না। কার্যাদেশ প্রদানের পূর্বে কাজে অপারগতা প্রকাশ করলে মোট মূল্যের উপর ৫% জরিমানা আরোপ করা হবে।
- ১৭। উক্ত কাজের জন্য প্রয়োজনীয় মালামালসমূহ বিদেশ হতে আমদানীর ক্ষেত্রে ভ্যাট এবং ট্যাক্স ব্যতিত অধিনায়ক, নৌ ভান্ডার, চট্টগ্রাম/ ভারপ্রাপ্ত কর্মকর্তা, নৌ উপ-ভান্ডার, ঢাকা (বাংলাদেশ নৌবাহিনী) কে কনসাইনি করে আমদানী করতে হবে।
- ১৮। উক্ত দরপত্রে তালিকা বহির্ভূত যোগ্য সরবরাহকারীগণ দরপত্রে উদ্ধৃত মূল্যের ৫% (অনধিক টাকা ০১ লক্ষ মাত্র) অর্থ জামানত হিসাবে পে-অর্ডারের মাধ্যমে কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড বরাবর প্রদান করতঃ দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।
- ১৯। দরপত্র সংক্রান্ত কোন বিষয় বোধগম্য না হলে অত্র সংস্থার প্ল্যানিং এন্ড এন্টিমেটিং ডিপার্টমেন্টের আউট সাইড এজেন্সি/বানোজা কপোতাক্ষ/বিএন ডকইয়ার্ড প্রেসার ভেসেল টেস্টিং এন্ড রিচার্জিং স্টেশন (মোবাইল ০১৮২৩৩১০২২০) এর কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।
- ২০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল/গ্রহণ ও অন্য কোন প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করার পূর্ণ ক্ষমতা রাখে।

*Mstaher*

মোঃ মোতাহের হোসেন  
পরিসংখ্যান অফিসার (সিএসও-৩)  
পক্ষে কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড

বিতরণঃ

অন্তঃ

কার্যঃ

প্রেসিডেন্ট টেন্ডার মূল্যায়ন কমিটি, সিএসডি সংস্থা

ভারপ্রাপ্ত কর্মকর্তা

আইটি সেকশন, সিএসডি সংস্থা

- ওয়েব সাইটে (www.csd.navy.mil.bd) প্রকাশের অনুরোধসহ

বহিঃ

কার্যঃ

নেভিগেটিং অফিসার

বিএন ডকইয়ার্ড

- নোটিশ বোর্ডে দরপত্রটি ঝুলানোর অনুরোধসহ